ইত্তেফাক

তারিখ ... 19/12/79
পৃষ্ঠা ... 3 ... কলাম ... 4

082

মেডিক্যাল কলেজে অপ্রীতিকর ঘটনার নিন্দা

বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ ঢাকা মেডিক্যাল কলেজ ছাত্রঃ সংসদের শহীদ বুদ্ধিজীবী দিনসের আলোচনা সভায় ডাঃ জাফরুল্লাহ চৌধুরীর উপস্থিতিকে কেন্দ্র করিয়া উদ্ভূত অপ্রীতিকর ঘটনার তীব্র নিন্দা জ্ঞাপন করিয়াছে।

সংসদের সভাপতি ও সাধারণ সম্পাদক স্বাক্ষরিত প্রেস বিজ্ঞপ্তিতে বলা হয়, ডাঃ জাফরুল্লাহ চৌধুরী একজন প্রকৃত মুক্তিযোদ্ধা। 'রাজনৈতিক স্বার্থ চরিতার্থ করার উদ্দেশ্যে এই পরিস্থিতি সৃষ্টি করা হয়' বলিয়া সংসদ অভিযোগ করে। সংসদ 'অশুভ শক্তিকে' এ ধরনের কার্যকলাপ হইতে বিরত থাকিবার আহ্বান জানাইয়াছে।